

## সিংগাইর কলেজ ছাত্র সংসদ নির্বাচন স্থগিত

মানিকগঞ্জ প্রতিনিধি

সিংগাইর ডিগ্রি কলেজের ছাত্র সংসদ নির্বাচন গতকাল শনিবার স্থগিত ঘোষণা করা হয়েছে। আগামী ১৯ অক্টোবর এ নির্বাচন হওয়ার কথা ছিল। এদিকে নির্বাচনের দাখিলে একটি পক্ষ গতকাল কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ করেছে। তবে পুলিশের উপস্থিতির কারণে কোনো অশান্তিকর ঘটনা ঘটেনি।

জানা গেছে, আগামী ১৩ অক্টোবর পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখ ছিল। এর আগেই প্রার্থিতা নিয়ে ছাত্রলীগের মধ্যে দুটি গ্রুপের সৃষ্টি হয়। এর একটির নেতৃত্বে আছেন ফারুক হোসেন মিল্লু ও মনিরুল ইসলাম মনির। অন্য গ্রুপে আছেন আব্দুল্লা আল মামুন ও নাছির উদ্দিন লাভলু। এ নিয়ে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। কলেজের পরিস্থিতির অবনতির আশঙ্কায় কলেজ কর্তৃপক্ষ গতকাল নোটিশ দিয়ে নির্বাচন স্থগিত ঘোষণা করে।

এদিকে নির্বাচন স্থগিতের বিষয়টি ধীকার করে কলেজের অধ্যক্ষ মহম্মদ নুরুদ্দিন জানান, কলেজ পরিচালনা কমিটির সভাপতি হানীয়া সংসদ সদস্য মমতাজ বেগমের নির্দেশে নির্বাচন স্থগিত করা হয়েছে। কলেজের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে সোমবার (আগামীকাল) পরিচালনা কমিটির সভায় এ বিষয়ে আলোচনা হবে বলেও জানান তিনি।